গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪. ৪২৮

তারিখ : ০৯ বৈশাখ, ১৪৩১
২২ এপ্রিল, ২০২৪

বিষয় : উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৪ এপ্রিল ২০২৪ বেলা ১১.৩০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রামের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে এপ্রিল/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২২/০৪/২৪
(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
টেলিফোন: ০২৫৮৮৮৭৭৮০১
মোবাইল: ০১৭৭৪৪৩৪২৫৫
ই-মেইল: unonageswari@mopa.gov.bd

জনাব.............................................................

.....................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মাননীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৪. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৬. চেয়ারম্যান ...........................................(সকল), ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৭. অফিস নথি।

উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-২৪/০৪/২০২৪

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৫. | ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৬. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01717201272 | |
| ৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01914716991 | |
| ৮. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৯. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১০. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01769459758 | |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01721706836 | |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01712035215 | |
| ১৪. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01722061195 | |
| ১৫. | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | | |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01719-547592 | |
| ১৭. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২৮২৯৬৪৪৬ | |
| ১৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01700717162 | |

* পরিবার পরিকল্পনা

* অফিসার ইনচার্জ, নাগেশ্বরী/ভূরুঙ্গামারী

উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-২৪/০৪/২০২৪

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২১. | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716654170 | [signature] |
| ২৩. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01737-695885 | [signature] |
| ২৪. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01718673087 | [signature] |
| ২৫. | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স,নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৬. | উপজেলা আনসার ভিডিপি অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৭. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ,নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01750974133 | [signature] |
| ২৮. | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি,নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৯. | মোঃ আতিকুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি | | |
| ৩০. | উপজেলা পরিসংখ্যান অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01735-107454 | [signature] |
| ৩১. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01958529479 | [signature] |
| ৩২. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাগেশ্বরী | | |
| ৩৩. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 0177-4964290 | [signature] |
| ৩৪. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01743469645 | [signature] |
| ৩৫. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৮-০[illegible]৬৬৬০ | [signature] |
| ৩৬. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | [signature] |
| ৩৭. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01730920933, | [signature] 24.4.24. |
| ৩৮. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২[illegible]০০১২২ | [signature] |

উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-২৪/০৪/২০২৪

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩৯. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01714230671 | |
| ৪০. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪১. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01950268690 | |
| ৪২. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪৩. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01746295576 | |
| ৪২. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01730839920 | |
| ৪৩. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01751369666 | |
| ৪৪. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01739969064 | 24-04-24 |
| ৪৫. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৬. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৭. | ইসলামিক ফাউন্ডেশন নাগেশ্বরী কুড়িগ্রাম | 01720802902 | |
| ৪৮. | অঃ প্রঃ পঃ [illegible] রহমান MP [illegible] প্রতিনিধি | 01717137209 | |
| ৪৯. | | | |
| ৫০ | দাঃ দাঃ পরিদর্শক নাগেশ্বরী | 01710593368 | |

/

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম

## উপজেলা পরিষদের এপ্রিল ২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোস্তফা জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
তারিখ : ২৪ এপ্রিল ২০২৪
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনান্তে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের বিষয় সমূহ নিয়ে আলোচনা শুরু করা হয়। আলোচনান্তে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। পৌরসভার অভ্যন্তরে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে সোলার স্ট্রীট লাইট স্থাপন কার্যক্রমসহ উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রধান ফটক ও বিভিন্ন রাস্তার কাজ চলমান আছে। তিনি হোল্ডিং ট্যাক্স, পৌরকর ও অন্যান্য ফি আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | উপজেলা পরিষদের অভ্যন্তরে পৌরসভার আওতাধীন চলমান প্রকল্প সমূহের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সংস্কার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নাগেশ্বরী পৌরসভা |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তীব্র তাপদাহের কারণে হিট স্ট্রোক, ডাইরিয়া ও জ্বরসহ বিভিন্ন রোগের সংক্রমন বৃদ্ধি পাচ্ছে। প্রয়োজন ছাড়া বাইরে বের না হওয়ার জন্য সকলকে অনুরোধ করেন। এ বিষয়ে জনসচেতনতা তৈরীতে সকলের সহযোগিতা কামনা করেন। আগামী ৩০ এপ্রিল পর্যন্ত বিনামুল্যে ডায়াবেটিস পরীক্ষা কার্যক্রম চলবে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, রায়গঞ্জ ইউনিয়ন পরিষদ জানান, রায়গঞ্জ হাসপাতালটি দীর্ঘদিন থেকে জরাজীর্ন অবস্থায় আছে। ইতোপূর্বে উক্ত হাসপাতালে নিকটবর্তী ৪-৫টি ইউনিয়নের বাসিন্দা সেবা গ্রহণ করতো বর্তমানে বৃহৎ জনগোষ্ঠী চিকিৎসা সেবা হতে বঞ্চিত হচ্ছেন। জনসাধারণের মৌলিক অধিকার চিকিৎসা সেবা নিশ্চিতে শীঘ্রই প্রয়োজনীয় মেরামতসহ ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | তীব্র তাপদাহের কারণে হিট স্ট্রোক, ডাইরিয়া ও জ্বরসহ বিভিন্ন রোগের সংক্রমন প্রতিরোধ ও জনসচেতনতার লক্ষ্যে প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>রায়গঞ্জ হাসপাতাল মেরামত ও ডাক্তার নিয়োগের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বর্তমান বোরো মৌসুম চলমান। অতিরিক্ত তাপদাহের কারণে ধানের চারা সবল রাখতে নিয়মিত সেচ প্রদান করতে হবে। খরিপ মৌসুমের আউশ ধান বীজ কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। প্রয়োজনীয় সার মজুদ আছে। বিভিন্ন স্থান থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, সেচ পাম্প মালিকগণ সঠিকভাবে সেচ প্রদান করছেন না। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নজরদারি করার অনুরোধ করেন যাতে কোনভাবেই সেচের অভাবে কৃষক ক্ষতিগ্রস্থ না হয়। অতপরঃ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সেচ পাম্প মালিকগণ সঠিকভাবে সেচ প্রদান করছেন কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নজরদারি অব্যহত রাখতে হবে। কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪। উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তীব্র তাপদাহের কারণে মৎস্য খামারিগণ বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন। পানির অক্সিজেন কমে যাওয়ায় মাছ মারা যাচ্ছে। পানির অক্সিজেনের মাত্র বজায় রাখতে খামারিদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় প্রচার প্রচারণা করা হচ্ছে তথ্য পেলে তাৎক্ষণিক সহযোগিতা করা হবে। ইলিশ মাছ বৃদ্ধির লক্ষ্যে জাটকা নিধনে আগামী ২মাস নিয়মিত অভিযান পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে করেন। | তীব্র তাপদাহের কারণে মৎস্য খামারিগণকে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণে উদ্বুদ্ধ করতে প্রচার-প্রচারণা পরিচালনা করতে হবে। নদী তীরবর্তী জেলেদের জাটকা আহরণ থেকে বিরত থাকার জন্য প্রচার-প্রচারণা করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, সাম্প্রতিক সময়ে প্রাণি সম্পদ প্রদর্শনী ২০২৪ সফলভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ প্রদান করেন। গবাদি পশুর প্রেগনেন্সি ডায়াগনোসিস করার লক্ষ্যে স্থাপিত আল্ট্রাসনোগ্রাম মেশিনের সুফল গবাদিপশু পালনকারীগণ পেতে শুরু করেছেন। নিয়মিত সেবা ও পরামর্শ প্রদান করা হচ্ছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, প্রভাতী প্রকল্পের মাধ্যমে বেরুবাড়ী ও কালীগঞ্জ হাট-বাজার উন্নয়ন অনুমোদন হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে পেরীফেরী ডিমার্কেশনসহ অনাপত্তি পত্র পাওয়া গেছে। হাট-বাজার ২টিতে পরিত্যাক্ত হাটসেড থাকায় প্রকল্প কার্যক্রম শুরু করা যাচ্ছে না। পরিত্যাক্ত হাটসেড নিলামের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক বেরুবাড়ী হাটসেড ২৪,৫৭০/- এবং কালীগঞ্জ হাটসেড ১৭,৭০০/- নির্ধারণ করা হয়েছে। বর্ণিত হাটসেডসমূহ নিলামের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, পরিত্যাক্ত হাটসেড নিলামের লক্ষ্যে বিধি মোতাবেক নিলাম কমিটির মাধ্যমে নিলাম কার্যক্রম সম্পন্ন পূর্বক নিলামলব্ধ অর্থ উপজেলা রাজস্ব তহবিলে জমাদানের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | বেরুবাড়ী ও কালীগঞ্জ হাট-বাজারের পরিত্যাক্ত হাটসেড নিলাম কমিটির মাধ্যমে প্রক্কলিত মুল্য বা তার অধিক মুল্য পাওয়া গেলে নিলাম কার্যক্রম সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>৩। উপ-সহকারী প্রকৌশলী (এলজিইডি) |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, তীব্র তাপদাহের কারণে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আগামী ২৭ এপ্রিল পর্যন্ত বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। আগামী ২৮ এপ্রিল হতে পাঠদান কার্যক্রম চালু হবে। ইতোমধ্যে প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে; তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, তীব্র তাপদাহের কারণে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আগামী ২৭ এপ্রিল পর্যন্ত বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। আগামী ২৮ এপ্রিল হতে পাঠদান কার্যক্রম চালু হবে। তিনি সকলকে ধন্যবাদ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে; তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলা বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা বরাদ্দ বন্টন অনুযায়ী সুবিধাভোগীর তালিকা পাওয়া গেছে। সে মোতাবেক পেরোল প্রেরণ করা হয়েছে। পর্যাক্রমে সকল সুবিধাভোগীর মোবাইল ব্যাংকিং মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ৩য় পর্যায়ের টিআর, কাবিটা ও কাবিখা প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ বন্টন অনুযায়ী তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া চলতি অর্থবছরে ২য় পর্যায়ের টিআর, কাবিটা ও কাবিখা প্রকল্পের কাজ শেষ পর্যায়ে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান। | প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করা হবে। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। গরীব অসহায় প্রসূতি মায়েদের মাতৃত্বকালীন ভাতা কার্যক্রম চলমান আছে। ইউনিয়ন হতে পূর্ণাঙ্গ তালিকা যথাসময়ে প্রেরণের জন্য সভায় অনুরোধ করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | মাতৃত্বকালীন ভাতা কার্যক্রমের সুবিধাভোগীর প্রাপ্যতা যাচাই সাপেক্ষে তালিকা চূড়ান্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০০৯-২০১০ অর্থ বছরে সমাপ্ত ঘোষিত 'ন্যাশনাল সার্ভিস কর্মসূচী' প্রকল্প আকারে বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে সম্ভাব্যতা যাচাই ও মুল্যায়নের জন্য 'টপব্রাইট (প্রাঃ) লিমিটেড, লালমাটিয়া, ঢাকাকে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিয়োগ করা হয়েছে। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহে পরামর্শক টীমকে প্রয়োজনীয় সহায়তা প্রদান জন্য সভায় অনুরোধ জানান। | 'ন্যাশনাল সার্ভিস কর্মসূচী' প্রকল্প আকারে বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে সম্ভাব্যতা যাচাই ও মুল্যায়নের তথ্য সংগ্রহে পরামর্শক টীমকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াস ব্লক নির্মাণ চলমান আছে। প্রতিটি ইউনিয়নে ২২৯টি করে স্বাস্থ্যসম্মত স্যানিটারি ল্যাট্রিন নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। কিছুদিনের মধ্যে কাজ শুরু হবে। নির্ধারিত সময়ের মধ্যে তালিকা প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। | সুবিধাভোগী বাছাইয়ে স্বাস্থ্যসম্মত স্যানিটারি ল্যাট্রিন নাই এমন পরিবার নির্বাচন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৭। কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস | সহকারী জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৮। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রম ও ঋণ প্রদান এবং আদায় কার্যক্রম চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনের জন্য প্রস্তুতি চলছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>সকলকে স্বতস্ফুর্তভাবে দায়িত্বপালনের আহ্বান জানান। | ভোটকেন্দ্র সমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান, অত্র উপজেলার বিভিন্ন স্থানে ১০০টি তালগাছের চারা রোপন করা হবে। আগামী মে মাস হতে বৃক্ষ রোপনের উপযুক্ত সময় তিনি সকলকে এ সময় ন্যূনতম ১০টি করে বিভিন্ন প্রজাতির চারা রোপনের জন্য সভায় অনুরোধ জানান। অতপরঃ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | উপযুক্ত স্থানে তালগাছের চারা রোপন ও আগামী মে মাসে সকলকে ন্যূনতম ১০টি করে বিভিন্ন প্রজাতির চারা রোপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা বন কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকল |
| ২২। উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) | সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান যে, সন্তোষপুর ইউনিয়নের ধনীগাগলা এলাকায় গিরাই নদীর উপর ফুট ওভার ব্রীজ নির্মাণ কার্যক্রম চলমান আছে। পয়ড়াডাঙ্গা খাল খননের কাজ প্রক্রিয়াধীন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | যথাসময়ে প্রকল্প কার্যক্রম সমাপ্ত ও গুণগত মান নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ। | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিয়ম বহির্ভূত ভাবে কেউ যাতে সেচ পাম্পের অনুমতি না পায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, কিছু দিনের মধ্যে নারীর অবস্থা সম্পর্কিত জরিপ (SWS) ও অর্থনৈতিক শুমারি ২০২৩ শুরু হবে। বর্ণিত জরিপ কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | নারীর অবস্থা সম্পর্কিত জরিপ (SWS) ও অর্থনৈতিক শুমারি ২০২৩ সংক্রান্ত কার্যক্রম স্থায়ী শুমারি/জরিপ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্থায়ী শুমারি/জরিপ কমিটি সদস্য (সকল)<br>২। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জানান। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক (ক) উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ প্রকল্প-দাখিলকৃত বিল-১২,৬৬,৫৫০/- (খ) 'নাগেশ্বরী উপজেলার গুরুত্বপূর্ন সড়কে সোলার স্ট্রীট লাইট স্থাপন প্রকল্প'-দাখিলকৃত বিল-১৫,৫৫,১৯৯/- (গ) | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত ১২,৬৬,৫৫০/-, ১৫,৫৫,১৯৯/- এবং ১০,০৫,৫৮৭/- টাকার বিল পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উপজেলা প্রশাসন স্কুল এন্ড কলেজের একাডেমিক ভবন মেরামত ও উন্নয়ন প্রকল্প.-দাখিলকৃত বিল-১০,০৫,৫৮৭/- । প্রকল্প সমুহের বাস্তবায়ন ইতোমধ্যে সম্পন্ন হওয়ায় অত্র অফিসে ঠিকাদারী প্রতিষ্ঠান সমুহ উল্লিখিত পরিমান বিল দাখিল করেছেন। চুক্তি মোতাবেক উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান সমুহের অনুকূলে বিল পরিশোধের প্রয়োজনীয় অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান। | | |
| ২৯। বিবিধ আলোচনা-১ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অত্র উপজেলার ১৪ টি ইউনিয়নের মধ্যে বামনডাঙ্গা ও নেওয়াশী ইউনিয়নে কোন হাট-বাজার না থাকায় অবশিষ্ট ১২ টি ইউনিয়নের ২৭ টি হাটবাজারের মধ্যে ০৩ টি (সোনাইর খামার, তরীর হাট ও কাচাকাটা হাট-বাজার) হাট-বাজারের প্রথম দফায় ইজারা দাখিলকৃত দর, সরকারি গ্রহণযোগ্য ইজারামূল্যের চেয়ে কম হওয়ায় উক্ত হাট ০৩ (তিন) টি হাট-বাজার ব্যতীত বাকি ২৪ টি হাট-বাজারের সর্বোচ্চ দরদাতা পাওয়া গেছে। অবশিষ্ট ০৩ (তিন) টি হাট-বাজার ৫ম দফা পর্যন্ত দরপত্র আহ্বান করা হয়, কিন্তু সরকারি গ্রহণযোগ্য ইজারা মূল্য না পাওয়ায় ইজারা প্রদান করা সম্ভব হয়নি। তাই হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী খাস আদায়ের প্রস্তাব পেশ করেন।<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ জানান যে, উক্ত হাট বাজার সমূহের পার্শ্ববর্তী এলাকায় রাস্তার মোড়ে দোকান ও বাজার সৃষ্টি হওয়ায় হাট বাজার ০৩টিতে ১৪৩০ বাংলাসনে ক্রয় বিক্রয় কমে গেছে। ইজারাদারগণ কাঙ্খিত আদায় করতে না পারায় বর্তমান সরকারি মূল্যে ইজারা গ্রহনে অনিহা দেখা দেয়। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে হাট বাজার ব্যবস্থাপনা নীতিমালার আলোকে উক্ত হাট বাজার ০৩টি খাস আদায়ের পদক্ষেপ গ্রহনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | হাট-বাজার ০৩ টি (সোনাইর খামার, তরীর হাট ও কাচাকাটা) ইজারা বন্দোবস্ত না হওয়ায় হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী সাময়িকভাবে খাস আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তী নির্দেশনা চেয়ে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় বরাবর কার্যবিবরণী প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম<br>২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, (সংশ্লিষ্ট ইউপি) নাগেশ্বরী, কুড়িগ্রাম |
| ২৯। বিবিধ আলোচনা-২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক দাখিলকৃত জুলাই-২০২৩ হতে মার্চ-২০২৪ পর্যন্ত ভ্রমণভাতা বিল প্রদান বাবদ ৭৩,১২৫/- (তিয়াত্তর হাজার একশত পঁচিশ) টাকার প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহ করার জন্য ৭৩,১২৫/- (তিয়াত্তর হাজার একশত পঁচিশ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-৩ | ভাইস চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত জুলাই-২০২৩ হতে মার্চ-২০২৪ পর্যন্ত ভ্রমণভাতা বিল প্রদানের জন্য ৫৮,৫০০/- (আটান্ন হাজার পাঁচশত) এবং স্থায়ী কমিটির দ্বি-মাসিক সভা আয়োজনে আপ্যায়ন বিল বাবদ ৩৩,৩০০/- (তেত্রিশ হাজার তিনশত) সর্বমোট ৯১,৮০০/- (একানব্বই হাজার আটশত) টাকার প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ৯১,৮০০/- (একানব্বই হাজার আটশত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-৪ | মহিলা ভাইস চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত জুলাই-২০২৩ হতে মার্চ-২০২৪ পর্যন্ত ভ্রমণভাতা বিল বাবদ ৫৮,৫০০/- (আটান্ন হাজার পাঁচশত) এবং স্থায়ী কমিটির দ্বি-মাসিক সভা আয়োজনে আপ্যায়ন বিল বাবদ ৩৩,৩০০/- (তেত্রিশ হাজার তিনশত) সর্বমোট ৯১,৮০০/- (একানব্বই হাজার আটশত) টাকার প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ৯১,৮০০/- (একানব্বই হাজার আটশত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-৫ | মহান স্বাধীনতা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ব্যয় বাবদ জনাব সৈয়দ আলী, প্রোঃ বগুড়া দইঘর, নাগেশ্বরী, কুড়িগ্রাম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৯। বিবিধ আলোচনা-৬ | জনাব মোঃ আশরাফুল আলম, গাড়ীচালক, উপজেলা পরিষদ জীপগাড়ী মেইন্টেন্যান্স বিল বাবদ ৪৯,৯৮০/- (উনপঞ্চাশ হাজার নয়শত আশি) টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ৪৯,৯৮০/- (উনপঞ্চাশ হাজার নয়শত আশি) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-৭ | সম্পাদক, দৈনিক করতোয়া, চকযাদু রোড, বগুড়া ১৪৩১ বঙ্গাব্দে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের বিল বাবদ (ভ্যাট সহ) ৩০,৩৬০/- (ত্রিশ হাজার তিনশত ষাট) টাকা প্রাপ্তির আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ৩০,৩৬০/- (ত্রিশ হাজার তিনশত ষাট) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-৮ | সম্পাদক, দৈনিক ভোরের দর্পন, সেগুনবাগিচা, ঢাকা ১৪৩১ বঙ্গাব্দে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের বিল বাবদ (ভ্যাট সহ) ৪০,৭৫৬/- (চল্লিশ হাজার সাতশত ছাপ্পান্ন) টাকা প্রাপ্তির আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ৪০,৭৫৬/- (চল্লিশ হাজার সাতশত ছাপ্পান্ন) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-৯ | জনাব মোঃ আজানুর রহমান, উপপ্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ১৪৩১ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি মাইকিং, ঢোলসহরত, হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় আপ্যায়ন ও মনিহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১০ | মোঃ নজরুল ইসলাম, নাগেশ্বরী, উপজেলা পরিষদ চত্বর, ডরমেটরী, কোয়ার্টারের আশপাশ পরিস্কার পরিচ্ছন্নতা জন্য মজুরি বিল বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা প্রাপ্তির আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১১ | মাহমুদ হাসান, হাসান কম্পিউটার, কুড়িগ্রাম, উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ/মেরামত বাবদ ২৪,৮০০/-(চব্বিশ হাজার আটশত)টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ২৪,৮০০/- (চব্বিশ হাজার আটশত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১২ | জনাব মোঃ আনিছুর রহমান, প্রোঃ ইতালী ফার্নিচার, নাগেশ্বরী, কুড়িগ্রাম উপজেলা পরিষদের আসবাবপত্র সংগ্রহ/মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১৩ | আবু রায়হান রুবেল, তাজ সাইন্টিফিক স্টোর, ঢাকা, ফরমালিন ও অন্যান্য কিটস ক্রয় বাবদ ২৪,৯০০/-(চব্বিশ হাজার নয়শত)টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১৪ | ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ০৩/২০২৩-২৪, ১০/২০২৩-২৪ ও ১১/২০২৩-২৪ নং দরপত্র বিজ্ঞপ্তি নিম্নোক্ত পত্রিকায় প্রকাশ করে পত্রিকার বিজ্ঞপ্তি বিল দাখিল করেছেন, যা নিম্নোরুপ- (ক) দৈনিক মানবকণ্ঠ- ১২৪২০/-,(খ) দৈনিক কুড়িগ্রাম খবর-৭৭২৮/-, (গ) দি ফিনান্সিয়াল পোষ্ট-৪৮৩০/- (ঘ) দৈনিক সমকাল- ১৬,৫৬০/-, (ঙ) দি ডেইলি অবজারভার-৮০৯৬/-, (চ) দৈনিক যায়যায় দিন-১৬৩০২/৪০, (চ) দি ডেইলি ট্রাইবুনাল-৯৯৯১/২০ টাকা। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিলসমূহ বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১৫ | সম্পাদক, দৈনিক কুড়িগ্রাম খবর, ইউ.এ.প্লাজা, শাপলা চত্বর, কুড়িগ্রাম ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় থোক বরাদ্দ ও ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত দ্বারা দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের বিল বাবদ (ভ্যাট সহ) ১১,৭৭৬/- (এগারো হাজার সাতশত ছিয়াত্তর) টাকা প্রাপ্তির আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ১১,৭৭৬/- (এগারো হাজার সাতশত ছিয়াত্তর) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৯। বিবিধ আলোচনা-১৬ | মেসার্স সাহা ফিলিং স্টেশন, কুড়িগ্রাম কর্তৃক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রামের ব্যবহৃত জীপগাড়ি নং ঘ-১১-০০২২ এর জ্বালানী তেল বাবদ ২০২৩-২০২৪ অর্থ বছরে জুলাই/২৩ হতে এপ্রিল/২৪ মাস পর্যন্ত ৩,০৯,৫৮৫/- (তিন লক্ষ নয় হাজার পাঁচশত পঁচাশি) টাকার বিল দাখিল করেছেন। উল্লেখ্য যে, চলতি অর্থ বছরে মে/২৪ ও জুন/২৪ বাকী রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অবশিষ্ট ০২ মাসের বিল প্রাপ্তি স্বাপেক্ষে বিধি মোতাবেক পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ বিধি মোতাবেক পরিশোধের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১৭ | উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রামের ব্যবহৃত বিভিন্ন বিদ্যুৎ সংযোগের জুলাই/২৩ হতে এপ্রিল/২৪ পর্যন্ত বিল পাওয়া গেছে। উল্লেখ্য যে, চলতি অর্থ বছরে মে/২৪ ও জুন/২৪ বাকী রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অবশিষ্ট ০২ মাসের বিল প্রাপ্তি স্বাপেক্ষে বিধি মোতাবেক পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ বিধি মোতাবেক পরিশোধের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১৮ | ১৪৩০ বঙ্গাব্দে উপজেলা পরিষদের মালিকানাধীন হ্যালিপ্যাডের ভূমি উন্নয়ন কর পরিশোধ করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ভূমি উন্নয়ন কর পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ভূমি উন্নয়ন কর পরিশোধের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ বিধি মোতাবেক পরিশোধের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-১৯ | হারুন-অর-রশিদ, স্টারটেক, রংপুর, উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ/মেরামত খাতে কম্পিউটার যন্ত্রাংশ ক্রয় বাবদ ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাঁচশত) টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-২০ | আবু রায়হান রুবেল, তাজ সাইন্টিফিক স্টোর, ঢাকা, ফরমালিন ও অন্যান্য কিটস ক্রয় বাবদ ২৪,৪৫০/- (চব্বিশ হাজার চারশত পঞ্চাশ) টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ২৪,৪৫০/- (চব্বিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-২১ | জনাব মোঃ রবিউল ইসলাম, প্রোঃ নাভানা ফার্নিচার, আরকে রোড, বাসস্ট্যান্ড, কুড়িগ্রাম উপজেলা পরিষদের আসবাবপত্র সংগ্রহ/মেরামত বাবদ ২৪,৪০০/-(চব্বিশ হাজার চারশত) টাকার বিল দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ব্যয় নির্বাহের জন্য ২৪,৪০০/-(চব্বিশ হাজার চারশত) টাকা সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |
| ২৯। বিবিধ আলোচনা-২২ | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান,, উপজেলা নির্বাহী অফিসারের জন্য বরাদ্দকৃত বাসভবনটি ১৯৫৯ সালে নির্মাণ করা হয়েছিল মর্মে স্থানীয়ভাবে জানা যায়। বাসভবনটি অতি পুরাতন ও বসবাসে ঝুকির্পূণ হওয়ায়। গত ১০ আগস্ট ২০২১ সালের উপজেলা পরিষদ মাসিক সভার সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক বাসভবনটি কনডেমড ঘোষনা করা হয়। যেহেতু উপজেলা নির্বাহী অফিসারের বিকল্প থাকার কোন ব্যবস্থা নাই, তাই তিনি কনডেম ঘোষনাকৃত বাসভবনটিতে বসবাসের ইচ্ছা পোষণ করেন। উক্ত ভবনটির আপাতত বাসা ভাড়া বাবদ প্রতিমাসের জন্য ২,০০০/(দুই হাজার) টাকা ভাড়া পরিশোধ করবেন মর্মে তিনি মতামত প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বিকল্প বসবাসের কোন ব্যবস্থা না থাকায়, তিনি কনডেম ঘোষনাকৃত ভবনটিতে বসবাসের জন্য প্রতি মাসে ২,০০০/-(দুই হাজার) টাকা বাসা ভাড়া প্রদান করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তফা জামান)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪- ৪৬৭

তারিখ : ১১ বৈশাখ ১৪৩১ / ২৪ এপ্রিল ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৮. উপজেলা ..........................................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৯. চেয়ারম্যান, ...........................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম
১০. জনাব ........................................................................................................ নাগেশ্বরী, কুড়িগ্রাম
১১. অফিস কপি

২৪/০৪/২০২৪

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম